

## 💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১১৪

১/ বিবিধ

## আরবী

لعن صلى الله عليه وسلم مخنثي الرجال الذين يتشبهون بالنساء، والمترجلات من النساء المتشبهين بالرجال، والمتبتلين من الرجال الذي يقول: لا يتزوج والمتبتلات من النساء اللاتي يقلن ذلك، وراكب الفلاة وحده، فاشتد ذلك على أصحاب رسول الله صلى الله عليه وسلم، حتى استبان ذلك على وجوههم، وقال البائت وحده ضعيف بهذا التمام

أخرجه أحمد (287) و289) والعقيلي في " الضعفاء " (ص 196) عن طيب بن محمد عن عطاء بن أبي رباح عن أبي هريرة قال: فذكره. أورده العقيلي في ترجمة الطيب هذا وقال

" يخالف في حديثه

وقال الذهبي

" لا يكاد يعرف، وله ما ينكر

ثم ذكر له هذا الحديث

وقال الحافظ في " التعجيل

"ضعفه العقيلي، وقال أبو حاتم: لا يعرف، ووثقه ابن حبان. أخرج البخاري حديثه (يعنى هذا) فقال: لا يصح

وما نقله الحافظ عن البخاري هو في " التاريخ الكبير " له (2/2/362) ومما سبق تعلم أن قول المنذري في " الترغيب " (3/106)



رواه أحمد، ورجاله رجال الصحيح، إلا طيب بن محمد، وفيه مقال، والحديث حسن أنه بعيد عن شهادة أئمة الجرح والتعديل في الطيب هذا وفي حديثه، ولذلك خرجته

## বাংলা

১১১৪। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেই সব পুরুষ হিজড়াদেরকে অভিশাপ দিয়েছেন যারা মহিলাদের সাজে নিজেদেরকে সাজায়। তিনি পুরুষবেশী মহিলাদেরকেও অভিশাপ দেন যারা নিজেদেরকে পুরুষের সাজে সাজায়। তিনি সেই সব পুরুষ ও নারীদেরকেও অভিশাপ দিয়েছেন যারা নিঃসঙ্গতা অবলম্বন করে বিবাহ করতে অস্বীকৃতি জানায়। তিনি উন্মুক্ত স্থানে একাকী আরোহণকারীকেও অভিশাপ দেন। শেষোক্তটি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথীদের উপর কঠিন হয়ে উঠলো এবং তাদের চেহারায় তা ফুটে উঠলো। তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলছেনঃ একাকী রাত যাপনকারী।

## হাদীসটি এভাবে দুর্বল।

এটিকে আহমাদ (৩/২৮৭, ২৮৯) ও ওকায়লী "আয-যুয়াফা" গ্রন্থে (পৃঃ ১৯৬) তাইয়্যেব ইবনু মুহাম্মাদ হতে, তিনি আতা ইবনু রাবাহ হতে, তিনি আত্ হুরাইরাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন। ওকায়লী আত-তাইয়্যেবের জীবনীতে বলেছেনঃ তার হাদীসের বিরোধিতা করে বর্ণনা এসেছে।

হাফিয যাহাবী বলেনঃ তাকে যেন চেনা যায় না। তার মুনকার বর্ণনা রয়েছে। অতঃপর তিনি তার এ হাদীসটি উল্লেখ করেছেন।

হাফিয ইবনু হাজার "আত-তা'জীল" গ্রন্থে বলেনঃ ওকায়লী তাকে দুর্বল আখ্যা দিয়েছেন। আবু হাতিম বলেছেনঃ তাকে চেনা যায় না। তাকে ইবনু হিব্বান নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন। ইমাম বুখারী তার এ হাদিসটি "আত-তারীখুল কাবীর" গ্রন্থে (২/২/৩৬২) উল্লেখ করে বলেছেনঃ হাদীসটি সহীহ নয়।

আর মুন্যেরী যে হাদীসটিকে হাসান আখ্যা দিয়েছেন তা সঠিক নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন